১৫ জুন পর্যন্ত মানতে হবে যে ১৫ শর্ত

কোভিড-১৯ সংক্রমণের মাঝেই সাধারণ ছুটি না বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। এর ফলে আগামীকালই শেষ হচ্ছে ছুটি। ৩১ মে থেকে চালু হচ্ছে অফিস-আদালত। সীমিত পরিসরে গণপরিবহণও চলবে।

এই সময়ে জনসাধারণের চলাচল সীমিতসহ ১৫ শর্ত দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে সরকার। বৃহস্পতিবার মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়।

প্রজ্ঞাপনে যে ১৫ শর্ত দেয়া হয়েছে সেগুলো নিম্নরুপ

১. ৩১ মে ২০২০ থেকে ১৫ জুন ২০২০ পর্যন্ত এ নিষেধাজ্ঞা কার্যকর থাকবে। ৫, ৬, ১২ ও ১৩ জুন ২০২০ সাপ্তাহিক ছুটি এ নিষেধাজ্ঞার অন্তর্ভুক্ত থাকবে।
২. নিষেধাজ্ঞাকালে এক জেলা থেকে অন্য জেলায় জনসাধারণের চলাচল কঠোরভাবে নিয়ন্ত্রিত থাকবে। প্রতিটি জেলার প্রবেশ ও বহির্গমন পথে চেকপোস্টের ব্যবস্থা থাকবে। জেলা প্রশাসন আইনশৃঙ্খলা বাহিনীর সহায়তায় এ নিয়ন্ত্রণ সতর্কভাবে বাস্তবায়ন করবে। করোনাভাইরাসের সংক্রমণ রোধকল্পে চলাচলে নিষেধাজ্ঞাকালে জনগণকে অবশ্যই ঘরে অবস্থান করতে হবে। রাত ৮টা থেকে সকাল ৬টা পর্যন্ত অতীব জরুরি প্রয়োজন ছাড়া (প্রয়োজনীয় ক্রয়-বিক্রয়, কর্মস্থলে যাতায়াত, ওষুধ ক্রয়, চিকিৎসাসেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে আসা যাবে না। তবে সর্বাবস্থায়ই বাইরে চলাচলের সময় মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। অন্যথায় নির্দেশ অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে হবে।

৩. নিষেধাজ্ঞাকালীন জনসাধারণ ও সব কর্তৃপক্ষকে অবশ্যই স্বাস্থ্যসেবা বিভাগের জারি করা নির্দেশমালা কঠোরভাবে মেনে চলতে হবে।
৪. হাটবাজার, দোকানপাটে ক্রয়-বিক্রয়কালে পারস্পরিক দূরত্ব বজায় রাখাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি কঠোরভাবে প্রতিপালন করতে হবে। শপিংমলের প্রবেশমুখে হাত ধোয়ার ব্যবস্থাসহ স্যানিটাইজারের ব্যবস্থা রাখতে হবে। শপিংমলে আগত যানবাহনগুলোকে অবশ্যই

জীবাণুমুক্ত করার ব্যবস্থা রাখতে হবে। হাটবাজার, দোকানপাট এবং শপিংমলগুলো আবশ্যিকভাবে বিকেল ৪টার মধ্যে বন্ধ করতে হবে।
৫. আইনশৃঙ্খলা, রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোয়েন্দা কার্যে নিয়োজিত সংস্থা এবং জরুরি পরিষেবা, যেমন—ত্রাণ বিতরণ, স্বাস্থ্যসেবা, বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরগুলোর (স্থলবন্দর, নদীবন্দর এবং সমুদ্রবন্দর) কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসগুলো, তাদের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতাবহির্ভূত থাকবে।

৬. সড়ক ও নৌপথে সকল প্রকার পণ্য পরিবহনের কাজে নিয়োজিত যানবাহন (ট্রাক, লরি, কার্গো ভেসেল প্রভৃতি) চলাচল অব্যাহত থাকবে।

৭. কৃষিপণ্য, সার, বীজ, কীটনাশক, খাদ্য, শিল্পপণ্য, রাষ্ট্রীয় প্রকল্পের মালামাল, কাঁচাবাজার, খাবার, ওষুধের দোকান, হাসপাতাল ও জরুরি সেবা এবং এসবের সঙ্গে সংশ্লিষ্ট কর্মীদের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

৮. চিকিৎসাসেবায় নিয়োজিত চিকিৎসক, নার্স ও কর্মী এবং ওষুধসহ চিকিৎসা সরঞ্জাম বহনকারী যানবাহন ও কর্মী, গণমাধ্যম (ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া) এবং কেবল টিভি নেটওয়ার্কে নিয়োজিত কর্মীগণ এ নিষেধাজ্ঞার আওতাবহির্ভূত থাকবেন।
৯. ওষুধশিল্প, কৃষি এবং উৎপাদন ও সরবরাহ ব্যবস্থার সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রগুলো, উৎপাদন ও রপ্তানিমুখী শিল্পসহ সব কলকারখানা কর্তৃপক্ষ শ্রমিকদের নিরাপত্তা এবং স্বাস্থ্যসেবা নিশ্চিত করে চালু রাখতে পারবে। স্বাস্থ্যসেবা বিভাগ কর্তৃক প্রণীত বিভিন্ন শিল্পকারখানায় স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণে নির্দেশনা প্রতিপালন নিশ্চিত করতে হবে।

১০. নিষেধাজ্ঞাকালীন কোনো শিক্ষাপ্রতিষ্ঠান খোলা রাখা যাবে না। তবে অনলাইন কোর্স/ডিস্টেন্স লার্নিং অব্যাহত থাকবে।
১১. ব্যাংকিং ব্যবস্থা পূর্ণভাবে চালু করার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

১২. সব সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিসগুলো নিজ ব্যবস্থাপনায় সীমিত পরিসরে খোলা থাকবে। ঝুঁকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ কর্মচারী এবং সন্তান সম্ভবা নারীগণ কর্মস্থলে উপস্থিত

হওয়া থেকে বিরত থাকবেন। এ ক্ষেত্রে কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণের জন্য স্বাস্থ্যসেবা বিভাগ থেকে জারীকৃত নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করতে হবে। জরুরি ও অত্যাবশ্যকীয় ক্ষেত্র ব্যতীত সব সভা ভার্চুয়াল উপস্থিতিতে আয়োজন করতে হবে।

১৩. উক্ত নিষেধাজ্ঞাকালে কেউ কর্মস্থল ত্যাগ করতে পারবে না। উক্ত সময়ে শর্তসাপেক্ষে সীমিত পরিসরে সংখ্যক যাত্রী নিয়ে স্বাস্থ্যসম্মত বিধি নিশ্চিত করে গণপরিবহন, যাত্রীবাহী নৌযান ও রেল চলাচল করতে পারবে। তবে সর্বাবস্থায় মাস্ক পরিধানসহ স্বাস্থ্যসেবা বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশনা কঠোরভাবে মেনে নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;
১৪. বিমান কর্তৃপক্ষ নিজ ব্যবস্থাপনায় বিমান চলাচলের বিষয় বিবেচনা করবে।

১৫. এই নিষেধাজ্ঞাকালে সব ধরণের সভা-সমাবেশ, গণজমায়েত, অনুষ্ঠান আয়োজন বন্ধ থাকবে। মসজিদ, মন্দির ও সব ধরণের প্রার্থনালয়ে স্বাস্থ্যবিধি মেনে নামাজ আদায় ও প্রার্থনা অব্যাহত থাকবে।

প্রসঙ্গত, দেশে ৮ মার্চ প্রথম করোনা সংক্রমণ ধরা পড়ে।এর ১০ দিন পর প্রথম মৃত্যু হয় এই ভাইরাসে।বৃহস্পতিবার পর্যমন্ত দেশে করোনায় মৃত্যু হয়েছে ৫৫৯ জনের।আক্রান্ত রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৪০ হাজার ৩৭১ জনে। সূত্র-যুগান্তর

করোনায় মৃত্যুতেও চীনকে ছাড়িয়ে গেল ভারত

প্রাণঘাতী করোনাভাইরাস চীনের উহান থেকে সারা বিশ্বে ছড়িয়ে পড়েছে। দেশটিতে বর্তমানে করোনা নিয়ন্ত্রণে কিন্তু সারা বিশ্বে লাগামছাড়া। সময়ের সঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে মৃত ও আক্রান্তের সংখ্যা। যুক্তরাষ্ট্র ও ইউরোপের কয়েকটি দেশের পর এবার করোনায় মৃত্যুর দিক থেকে চীনকে পেছনে ফেলেছে ভারত। ভারতে আক্রান্তের

সংখ্যাও চীনের থেকে প্রায় দ্বিগুণ।

জন হপকিন্স ইউনিভার্সিটির পরিসংখ্যান বলছে, চীনে যেখানে মোট আক্রান্তের সংখ্যা ৮৪ হাজার ১০৬ জন, সেখানে ভারতে ১ লাখ ৬৫ হাজার ৩৮৬ জন। আক্রান্ত হওয়ায় সংখ্যাটা দাঁড়াচ্ছে প্রায় দ্বিগুণ। পাশপাশি বৃহস্পতিবার রাতের তথ্য বলছে চীনের মৃত্যু সংখ্যাকেও পেছনে ফেলেছে ভারত। চীনে করোনার জেরে মৃতের সংখ্যা ৪ হাজার ছয়শ ৩৮ জন কিন্তু ভারতে সেই সংখ্যাটা দাঁড়িয়েছে ৪ হাজার সাতশ ১১ জনে।

২০১৯ সালের ডিসেম্বরে চীনের উহানে শুরু হয়েছিল করোনার সংক্রমণ। এরপর সারা বিশ্বে ছড়িয়ে পড়েছে এই মারণ ভাইরাস। সারা বিশ্বে ৫৯ লক্ষেরও বেশি মানুষ এই রোগের কবলে পড়েছেন। বিশ্বজুড়ে মৃতের সংখ্যা সাড়ে ৩ লাখেরও বেশি। সারা বিশ্বজুড়ে করোনার ভয়াবহ প্রকোপে পড়লেও মারাত্মক অবস্থা যুক্তরাষ্ট্রের। সেখানে ১৭ লক্ষেরও বেশি করোনা আক্রান্ত হয়েছেন। অন্যদিকে, ভারত ছাড়াও ব্রাজিল, রাশিয়া, ব্রিটেন, স্পেন, ইতালি, ফ্রান্স এবং জার্মানির অবস্থা করোনায় শোচনীয়। সূত্র-বাংলাদেশ প্রতিদিন

আবারও রেকর্ড, ২৪ ঘণ্টায় বিশ্বে করোনায় আক্রান্ত এক লাখ ১৬ হাজারের বেশি

২৪ ঘণ্টায় আবারও করোনার রেকর্ড সংক্রমণ দেখলো বিশ্ব। বৃহস্পতিবার ভাইরাসটির নতুন সংক্রমণ শনাক্ত হয়েছে এক লাখ ১৬ হাজারের বেশি। এ নিয়ে মোট আক্রান্তের সংখ্যা ছাড়িয়েছে ৫৯ লাখ।

নতুন করে পাঁচ হাজার প্রাণহানিতে, মোট মৃত্যু তিন লাখ ৬২ হাজারের বেশি। মহামারীর পাঁচ মাসে, এদিন সর্বোচ্চ সংক্রমণ ও মৃত্যু রেকর্ড করেছে ব্রাজিল। মারা গেছেন প্রায় ১৩শ’ মানুষ। নতুন আক্রান্ত ২৪ হাজারের বেশি। এ নিয়ে দেশটিতে প্রাণহানি ২৭ হাজার ছুঁইছুঁই। আক্রান্ত সাড়ে চার লাখের কাছাকাছি।

যুক্তরাষ্ট্রে নতুন করে ১২শ’ মানুষের মৃত্যুতে প্রাণহানি বেড়ে হয়েছে ১ লাখ সাড়ে ৩ হাজার। আক্রান্ত ১৭ লাখ ৬৮ হাজার মানুষ। দিনের তৃতীয় সর্বোচ্চ মৃত্যু হয়েছে মেক্সিকোতে।
মৃত্যু তুলনামূলক কম হলেও রাশিয়াতে আক্রান্তের সংখ্যা ছাড়িয়েছে পৌনে চার লাখ। ইতালি-স্পেন-ফ্রান্সে করোনার নতুন সংক্রমণ ও মৃত্যুর নিম্নমুখী গ্রাফ অব্যাহত থাকলেও যুক্তরাজ্যে প্রাণ গেছে আরও পৌনে ৪শ’ মানুষের। সূত্র-বাংলাদেশ প্রতিদিন

‘চীনের জঘন্য উপহার করোনাভাইরাস’, ১ লাখ মৃত্যুর পর হতাশা প্রকাশ ট্রাম্পের

হতাশা। দুঃখ। আর ক্ষোভ। বৃহস্পতিবার মার্কিন যুক্তরাষ্ট্রের করোনাভাইরাস পরিস্থিতি ও তার ‘চীন-যোগ’ দুই বিষয়েই যেন এই অনুভূতিগুলিই উগড়ে দিলেন দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

দেশে ১ লাখ মানুষ করোনায় প্রাণ হারানোর পর এভাবেই টুইট করলেন বিশ্বের সবচেয়ে শক্তিধর দেশের প্রধান।

‘করোনাভাইরাসে দেশে ১ লাখেরও বেশি মানুষের মৃত্যু, আমরা একটা খুব খারাপ মাইলস্টোনে পৌঁছালাম,’ নিস্তব্ধতা ভেঙে নিজের হতাশাকে তুলে ধরলেন ট্রাম্প। সমবেদনা জানালেন মহামারী করোনায় প্রাণ হারানো ব্যক্তিদের পরিজনদের প্রতি।
টুইটে লিখলেন, ‘প্রতিটি স্বজনহারা পরিবার ও পরিজনদের আমি সমবেদনা জানাই।’ সমস্ত পরিস্থিতির সম্মুখীন হওয়া ও দেশবাসী হিসেবে তিনি তাদের প্রতি ভালবাসা প্রকাশ করেন।

‘গড বি উইথ ইউ,’ সৃষ্টিকর্তার আশীর্বাদ কামনা করেন মার্কিন প্রেসিডেন্ট। সেই সঙ্গে অবশ্য চীনকেও এক হাত নিতে ভুললেন না। বেশিরভাগ টুইট ও সাংবাদিক সম্মেলনের মতোই আবারও কাঠগড়ায় তুললেন চীনকে।

দ্বিতীয় টুইটে ট্রাম্প বললেন, ‘চীনের একটা জঘন্য উপহার-করোনাভাইরাস, সারা বিশ্বজুড়ে দাপিয়ে চলেছে। এক দমই ভাল নয়।’ সূত্র-বাংলাদেশ প্রতিদিন

মেহেরপুরে করোনা উপসর্গে ঢাকা ফেরৎ একজনের মৃত্যু

মেহেরপুরে করোনা উপসর্গ নিয়ে বারিউজ্জামান লিটু (৫২) নামে ঢাকা ফেরৎ একজনের মৃত্যু হয়েছে। তিনি সদর উপজেলার কোলা গ্রামের তাহের আলীর ছেলে। তিনি ঈদের আগের দিন ঢাকা থেকে মেহেরপুরের নিজ বাড়িতে আসেন। এর পর থেকেই জ্বরে আক্রান্ত হন।

আজ শুক্রবার সকালে মেহেরপুর জেনারেল হাসপাতালের করোনা আইসোলেশন ওয়ার্ডে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। গত বুধবার তিনি জ্বর, ঠান্ডা ও কাশি নিয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি হন। সেখানে প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরে গেলে গতকাল বৃহস্পতিবার তাকে পুনরায় হাসপাতালে ভর্তি করা হয়।

মেহেরপুরে জেনারেল হাসপাতালের আবাসিক মেডিক্যাল কর্মকর্তা ডা। মোখলেসুর রহমান এ তথ্য জানান।

তিনি জানান, গতকাল বৃহস্পতিবার তার নমুনা সংগ্রহ করে পিসিআর ল্যাবে পাঠানো হয়েছে। যেহেতু করোনা উপসর্গ নিয়ে আইসোলেশনে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন সে হিসেবে করোনা আক্রান্ত লাশ হিসেবে স্বাস্থ্য বিধি মেনে দাফনের প্রস্তুতি নেওয়া হচ্ছে।

দেশে গত ২৪ ঘণ্টায় করোনায় আরও ১৫ জনের মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হয়ে আরও ১৫ জনের মৃত্যু হয়েছে।

গত ২৪ ঘণ্টায় দেশে ২০২৯ জনের করোনা শনাক্ত

গত ২৪ ঘণ্টায় দেশে আরও ২০২৯ জনের করোনাভাইরাস শনাক্ত হয়েছে। বৃহস্পতিবার দুপুরে করোনা পরিস্থিতি নিয়ে স্বাস্থ্য বুলেটিনে এ তথ্য জানান স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক নাসিমা সুলতানা।

চীনের উহান শহর থেকে ছড়িয়ে পড়া করোনাভাইরাস এখন গোটা বিশ্বে তাণ্ডব চালাচ্ছে। এ ভাইরাসে বিশ্বজুড়ে এখন পর্যন্ত আক্রান্ত হয়েছেন ৫৫ লাখ ১৭ হাজারেরও বেশি মানুষ।

মৃতের সংখ্যা তিন লাখ ৪৭ হাজার প্রায়। তবে সাড়ে ২৩ লাখের বেশি রোগী ইতোমধ্যে সুস্থ হয়েছেন। বাংলাদেশে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয় গত ৮ মার্চ।

আপডেট: গাংনীতে ভাইয়ের পর

বোন করোনায় আক্রান্ত

মেহেরপুরের গাংনীতে জুলেখা খাতুন (২৫) নামের এক গৃহবধুর করোনা সনাক্ত হয়েছে। বুধবার বিকালে করোনা সনাক্তের বিষয়টি নিশ্চিত করেন সিভিল সার্জন ডা: মো: নাসির উদ্দীন। করোনায় আক্রান্ত জুলেখা খাতুন উপজেলার কাজিপুর ইউপির নওদাপাড়া গ্রামের বাসিন্দা।

মেহেরপুরের সিভিল সার্জন ডা: মো: নাসির উদ্দীন জানান, গত ২৩ মে শনিবার জুলেখা খাতুনের ভাই মহাতাব আলী করোনায় আক্রান্ত হন। এরপর মঙ্গলবার তার পরিবারের অন্যান্য সদস্যদের নমুনা সংগ্রহ করে কুষ্টিয়া পিসিআর ল্যাবে পাঠানো হয়। সেখান থেকে মাহাবতাব আলীর বোন জুলেখা খাতুন করেনায় আক্রান্ত বলে প্রতিবেদন প্রদান করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান কর্মকর্তা ডা: রিয়াজুল আলম জানান,করোনায় আক্রান্ত দুইভাই বোন সুস্থ্য রয়েছে। তাদের সার্বিক খোঁজ খবর নেয়া হচ্ছে। এছাড়া করোনায় আক্রান্তদের বাড়ি সহ পার্শবর্তী ১০ বাড়ি লকডাউন করা আছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান, যে কেউ করোনায় আক্রান্ত হতে পারেন। এটা নিয়ে আতংকিত না হয়ে সকলকে সচেতন হতে হবে। এছাড়া আক্রান্ত ব্যক্তি ও তার পরিবারের সদস্যদের সাথে মানবিক আচরন করতে সকলের প্রতি আহবান জানান তিনি।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান,উপজেলা প্রশাসন ও স্বাস্থ্য বিভাগকে সহায়তার পাশাপাশি পুলিশের পক্ষ থেকে আক্রান্ত পরিবারের নিরাপত্তা সহ সকল বিষয়ে খোঁজ খবর নেয়া হচ্ছে। আক্রান্ত পরিবারের কোন সমস্য হলে পুলিশকে জানানোর জন্য বলা হয়েছে। এছাড়া পীরতলা পুলিশ ক্যাম্পের সদস্যরা সার্বক্ষনিক তাদের সাথে যোগাযোগ করছে।

ছুটি আর বাড়ছে না

প্রাণঘাতী করোনাভাইরাস সংক্রমণ পরিস্থিতিতে চলমান সাধারণ ছুটি আর বাড়ছে না। দীর্ঘ ৬৭ দিন বন্ধ থাকার পর আগামী ৩১ মে থেকে স্বাস্থ্যবিধিসহ কিছু নিয়ম মানা সাপেক্ষে খুলছে সরকারি অফিস।

বুধবার (২৭ মে) জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন। জানা গেছে, বয়স্ক, অসুস্থ ও গর্ভবতী নারীরা আপাতত অফিসে আসবেন না, গণপরিবহনও বন্ধ থাকবে।

আগামী ১৫ জুন পর্যন্ত স্কুল, কলেজ বন্ধ থাকবে। সূত্র-বাংলাদেশ প্রতিদিন

মেহেরপুরে করোনা ভাইরাসে আরো ১ জন আক্রান্ত

করোনা ভাইরাসে মেহেরপুরে আরো ১টি পজেটিভ রিপোর্ট এসেছে। বুধবার বিকালের দিকে মেহেরপুর সিভিল সার্জন অফিসে রিপোর্ট এ পজিটিভ রিপোর্ট আসে।

করোনা ভাইরাস সন্দেহে সোয়াব পরীক্ষার জন্য যে নমুনা পাঠানো হয়েছিল তার মধ্যে আরো ৫২ জনের রিপোর্ট এসেছে যার মধ্যে ১ টি পজেটিভ বাকি ৫১ টি নেগেটিভ ।

এ সকল রিপোর্ট কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল দেওয়া হয় । মেহেরপুর সিভিল সার্জন ডাক্তার নাসির উদ্দিন জানান নতুন করে যে সকল নমুনা পাঠানো হয়েছিল তার মধ্যে ৫১ জনের মধ্যে করোনা ভাইরাসের কোন নমুনা পাওয়া যায়নি । এ নিয়ে মেহেরপুর জেলায় ৮শ ৯৬ জনের মধ্যে ১৩ টি পজেটিভ এবং ৫ জন সুস্থ হয়েছে।